# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৬ষ্ঠ পরিষদের ৬ষ্ঠ মাসিক সাধারণ্ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মিজ্ খোশনুর রুবাইয়াৎ, প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ।
তারিখ : ১৪-১১-২০২৪ খ্রিঃ ।
সময় : সকাল ১১.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য ।

সভায় নবাগত উপজেলা নির্বাহী অফিসার ও অদ্য সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন ।সভার প্রারম্ভে পরিচয় পর্ব অনুষ্ঠিত হয় । অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় ।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন । | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান। অতপর বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত এবং দৃঢ়ীকরণ করা হয় । | প্রশাসক উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| ২.১ স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট জানান পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>(খ) আলোচনাকালে তিনি আরোও জানান, এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা কৃষি অফিস, উপজেলা প্রাণী সম্পদ অফিস ও হাটখোলা ইউনিয়ন পরিষদের প্রকল্প তালিকা পাওয়া গেছে । তিনি অন্যান্য দপ্তর (যদি থাকে) ও ইউনিয়ন পরিষদের প্রকল্প তালিকা দাখিলের প্রস্তাব করেন ।<br>(গ) আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বাস্তবায়নের লক্ষ্যে গত সভার উপস্থাপিত প্রকল্প তালিকা যাচাই বাছাইয়ের প্রস্তাব করেন ।তিনি সিলেট সদর উপজেলার ০২ (দুই) বছর মেয়াদি অগ্রাদিকারভিত্তিক কর্মপরিকল্পনা (২০২৪-২৫) উপস্থাপন করেন । তিনি এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় যুব মহিলাদের বিভিন্ন প্রশিক্ষন, ফটোগ্রাফি প্রশিক্ষণ, বিদেশযাত্রীদের প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব উপস্থাপন করেন ।<br>(ঘ) আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, ২০২৪ এর জুলাই-আগস্টে ছাত্র জনতার গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের স্মরণে স্মরণসভার আয়োজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত নির্দেশনা উপস্থাপন করেন ।তিনি ২০২৪ এর জুলাই-আগস্টে ছাত্র জনতার গণঅভ্যাত্থানে শহীদ ও আহতদের স্মরণে স্মরণসভা ও প্রনোদণা প্রদানের বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করলে উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট এ বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সম্ভাব্য প্রাক্কলন উপস্থাপন করেন এবং প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের যুব ও সমাজকল্যাণ খাত হতে বাস্তবায়নের প্রস্তাব করেন ।<br>(ঙ)আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাসা ও বাউন্ডারী ওয়াল রংকরণ; বাসা হাইজিন করণ; অভ্যন্তরীণ রাস্তা/গেইটের লাইট সংস্কার/মেরামত বাবদ-১,০০,০০০/-(এক লক্ষ) টাকা ব্যয় করা হয়েছে । তিনি উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি/অফিস রক্ষনাবেক্ষন খাত হতে পরিশোধের প্রস্তাব করেন । | ১.১) পিডিপি-৪, ইউজিডিপি, জিওবি, বন্যা পুনর্বাসন রাস্তা সহ বিভিন্ন প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়<br>১.২)সভায় সর্বসম্মতিক্রমে গত সভায় উপস্থাপিত প্রকল্প যাচাই বাছাই পূর্বক বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।চলতি বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় যুব মহিলাদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ, ফটোগ্রাফি প্রশিক্ষণ, বিদেশযাত্রীদের প্রশিক্ষণ ইত্যাদি প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৩) সভায় সর্বসম্মতিক্রমে ২০২৪ এর জুলাই-আগস্টে ছাত্র জনতার গণঅভ্যুত্থানে অত্র উপজেলার শহীদ ও আহতদের স্মরণে স্মরণসভা ও প্রনোদণা প্রদান প্রকল্প বাবদ ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকার সম্ভাব্য প্রাক্কলন অনুমোদিত হয় । উক্ত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের যুব ও সমাজকল্যাণ খাত হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.৪)সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাসা ও বাউন্ডারী ওয়াল রংকরণ; বাসা হাইজিন করণ; অভ্যন্তরীণ রাস্তা/গেইটের লাইট সংস্কার/মেরামত বাবদ-১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি/অফিস রক্ষনাবেক্ষন খাত হতে প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় । | প্রশাসক, উপজেলা পরিষদ /উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| ২.২ স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>তিনি জানান, স্কুল পর্যায়ে ৫ম শ্রেনী হতে ৯ম শ্রেনী পর্যন্ত সকল ছাত্রীদের এইচপিভি(জরায়ুর মুখের ক্যান্সার প্রতিরোধক) টিকা দেওয়ার প্রোগ্রাম শেষ এখন কমিউনিটি পর্যায়ে ০৯ বছর হতে ১৪ বছর বয়সী কিশোরীদের টিকা দেওয়ার প্রোগ্রাম চলমান। তিনি জানান, ডেঙ্গু কার্যক্রমের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট এর নির্দেশনানুযায়ী সপ্তাহের প্রতি বুধবার সন্দেহজনক ডেঙ্গুর উৎপত্তিস্থল নির্ধারণক্রমে প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের দাপ্তরিক ই-মেইল এ প্রেরণ করা হয় ।<br>তিনি জানান, ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর সিলেট এ মেডিকেল টিম এর মাধ্যমে এম পক্স স্কেনিং কার্যক্রম চালু রয়েছে । কোন পজেটিভ রোগী পাওয়া যায়নি ।<br>তিনি আরোও জানান, হাটখোলা ইউনিয়নের সাবেক ২নং এবং বর্তমান ৩নং ওয়ার্ড এর নোয়াগাঁও গ্রামে হাজী আব্দুল মুছব্বির চৌধুরী কমিউনিটি ক্লিনিক সিএইচসিপি পদায়ন হয়েছে নিয়মিতভাবে স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম শুরু হয়েছে। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২) এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রমে সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করতে হবে ।<br>১.৩। এম পক্স স্কেনিং কার্যক্রম চলমান রাখতে হবে ।<br>১.৪। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় সিলেট সদর উপজেলা কমিউনিটি ক্লিনিকে প্রদানের লক্ষ্যে ক্রয়কৃত ৫৩টি অক্সিজেন সিলিন্ডারগুলোর মধ্যে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতির সিলেট শাখা ক্লিনিকের প্রাপ্ত আবেদনের প্রেক্ষিতে উক্ত প্রতিষ্ঠানে ০৫টি সিলিন্ডার প্রদান করা হয়েছে অবশিষ্ট অক্সিজেন সিলিন্ডার গুলোর জন্য ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, সিলেট কিডনী ফাউন্ডেশন, জালালাবাদ সামরিক হাসপাতাল, সিলেট পুলিশ হাসপাতাল থেকে চাহিদা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৩ মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, মাধ্যমিক পর্যায়ে জরিপ কার্যক্রম চলমান, বার্ষিক পরীক্ষা শুরু হবে । তিনি চলতি বছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মাধ্যমিক পর্যায়ের স্কুল গুলোতে খেলাধুলা সামগ্রী, শিক্ষা উপকরণ প্রদান এবং মাদ্রাসা গুলোতে ডেস্কবেঞ্চ প্রদানের প্রস্তাব করেন । | ১) সভায় সর্বসম্মতিক্রমে চাহিদা সংগ্রহ করে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মাধ্যমিক পর্যায়ের স্কুল গুলোতে খেলাধুলা সামগ্রী, শিক্ষা উপকরণ প্রদান এবং মাদ্রাসা গুলোতে ডেস্কবেঞ্চ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ২.৪ প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।তিনি জানান, অনলাইনে বিনামূল্যে বইয়ের চাহিদা দাখিল করা হয়েছে ।তিনি বই রাখার জন্য গুদাম নির্মাণের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১)গুদাম নির্মাণের বিষয়ে উপজেলা প্রকৌশলী ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন ।<br>১.২) প্রাথমিক পর্যায়ে শতভাগ ভর্তি নিশ্চিত করতে হবে । | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.৫ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান চলতি বছরে নুতন কোন বরাদ্দ পাওয়া যায়নি ।বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে ।<br>সভায় ৩নং খাদিমনগর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান ২০২২ সালের বন্যায় তাঁর ইউনিয়নের রাস্তা ঘাটের বেহাল দশা, তিনি দ্রুত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রান মন্ত্রণালয়ের আওতায় বরাদ্দ প্রদানের প্রস্তাব উপস্থাপন করেন ।<br>সভায় ৮নং কান্দিগাঁও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান জানান, নদী ভাঙ্গনে বেশ কিছু এলাকা বিলিন হওয়ার পথে, তিনি জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে ।<br>১.২। বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তা ও নদী ভাঙ্গন এলাকার তথ্য সংগ্রহ পূর্বক জেলায় প্রেরণ করতে হবে । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাও সংশ্লিষ্ট সকল |
| ২.৬ পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর ,সিলেট সভায় চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মোগলগাঁও ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রে মাটি ভরাট ও জরুরী মেরামতের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১। সভায় চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় মোগলগাঁও ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রে মাটি ভরাট ও জরুরী মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| ২.৭ কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, ২০২৪-২৫ অর্থবছরে খরিপ-২ মৌসুমে সাম্প্রতিক বন্যা, অতিবৃষ্টি ও পাহাড়ী ঢলে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যেবীজ ও সার সহায়তা প্রণোদনা ও পুনর্বাসন কর্মসূচী আওতায় নিম্নে উল্লেখিত ফসল ও উপকরণ বিতরণ করা হবে । | ১.১। প্রণোদনা কর্মসূচীর আওতায় প্রাপ্ত বরাদ্দ ইউপি চেয়ারম্যান/ ইউপি সদস্যদের সাথে সমন্বয় করে বিতরণ নিশ্চিত করতে হবে ।<br>১.২। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল) সার ও বীজের দোকান | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |

<table>
<tr>
<td></td>
<td>
<table>
<tr><th>ক্র:</th><th>ফসলের নাম ও উপকরণ</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>০১</td><td>বোরো উফশী বীজ ৫কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>২১০০ জন</td></tr>
<tr><td>০২</td><td>বোরো হাইব্রিড বীজ ২ কেজি</td><td>১০০০ জন</td></tr>
<tr><td>০৩</td><td>সরিষা বীজ ১কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>৩০০ জন</td></tr>
<tr><td>০৪</td><td>গম বীজ ২০ কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>৩০ জন</td></tr>
<tr><td>০৫</td><td>সূর্যমুখী বীজ ১ কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>৬০ জন</td></tr>
<tr><td>০৬</td><td>পেঁয়াজ বীজ ১ কেজি সাথে ১০কেজি ডিএপি, ১০ কেজি এমওপি</td><td>২০ জন</td></tr>
<tr><td>০৭</td><td>মুগ বীজ ৫ কেজি সাথে ১০কেজি ডিএপি, ৫ কেজি এমওপি</td><td>১০ জন</td></tr>
<tr><td>০৮</td><td>অড়হড় বীজ ২ কেজি সাথে ০৫কেজি ডিএপি, ০৫ কেজি এমওপি</td><td>৪০ জন</td></tr>
<tr><td>০৯</td><td>চিনা বাদাম বীজ ১০ কেজি সাথে ১০কেজি ডিএপি, ০৫ কেজি এমওপি</td><td>১০ জন</td></tr>
<tr><td>১০</td><td>ভুট্টা বীজ ০২ কেজি সাথে ২০ কেজি ডিএপি, ০৫ কেজি এমওপি</td><td>৪০ জন</td></tr>
</table>
তিনি আরোও জানান, ৯০ মে:টন ইউরিয়া, ২৬.০০ মে:টন টিএসপি, ২৮ মে:টন এমওপি, ৩০ মে:টন ডিএপি সার মজুদ আছে।সার উত্তোলন চলমান বর্তমানে সারের কোন ঘাটতি নেই। রোপা আমন ধানের আবাদ লক্ষ্যমাত্রা ৯০৮৫ হেক্টর অর্জিত ৯০৯৫ হেক্টর এছাড়া রবি মৌসুমের ফসল আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে এবং ব্লক পরিকল্পনা অনুযায়ী বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।<br>
তিনি জানান, খুচরা সার বিক্রেতা ২জনের আবেদনের প্রেক্ষিতে ইউনিয়ন বাছাই কমিটি কর্তৃক সুপারিশকৃত হয়ে উপজেলায় আসে এবং ২ জনের আবেদন নিয়োগের কার্যক্রম চলমান।
</td>
<td>মনিটরিং করবেন।</td>
<td></td>
</tr>
<tr>
<td>২.৮ মৎস্য বিভাগ</td>
<td>উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বেকার যুবকদের মাছ চাষের প্রশিক্ষণ প্রদানের প্রস্তাব করেন।</td>
<td>১.১।সভায় চলতি অর্থবছরে এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় বেকার যুবকদের মাছ চাষের প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।স্থানীয় বিলগুলো সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়। বিল খনন করতে হলে মাটি অবশ্যই পাড়ে রাখতে হবে।</td>
<td>উপজেলা মৎস্য কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।</td>
</tr>
<tr>
<td>২.৯ প্রাণিসম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান এডিপির আওতায় প্রস্তাবনা দাখিল করা হয়েছে।</td>
<td>প্রানিসম্পদ অফিসের দাখিলকৃত প্রস্তবনা বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট</td>
</tr>
<tr>
<td>২.১০ সমাজ সেবা বিভাগ</td>
<td>প্রতিনিধি, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধি ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর ভাতা তালিকা ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হয়েছে। প্রেরিত তালিকায় মৃত/নিরুদ্দেশ/ স্থান ত্যাগ/মোবাইল নম্বরে সমস্যা ইত্যাদি যাচাই বাছাই শেষে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে ফেরত প্রদানের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান।</td>
<td>১.১) বয়স্ক ভাতা, বিধবা ভাতা, অসচ্ছল প্রতিবন্ধি ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর ভাতা তালিকায় মৃত/নিরুদ্দেশ/ স্থান ত্যাগ/মোবাইল নম্বরে সমস্য ইত্যাদি যাচাই বাছাই শেষে ০৩ (তিন) কর্ম দিবসের মধ্যে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশিষ্ট সকল, সিলেট সদর, সিলেট।</td>
</tr>
<tr>
<td>২.১১ মহিলা বিষয়ক বিভাগ</td>
<td>প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।<br>ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় অক্টোবর/২৪ মাসের খাদ্য বিতরণ করা হয়েছে। ২০২৫-২৬ চক্রের ৯০০ জন উপকার ভোগী</td>
<td>১। ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচন, মা ও শিশু সহায়তা কর্মসূচির অনলাইন আবেদন, মহিলা প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠু ভাবে সম্পাদন করতে হবে।</td>
<td>উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট।</td>
</tr>
</table>



CS Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | নির্বাচনের বরাদ্দ পাওয়া গিয়েছে । পূর্বের বরাদ্দ অনুযায়ী ইউনিয়ন পর্যায়ে উপকারভোগী নির্বাচনের লক্ষ্যে ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে ।<br>মা ও শিশু সহায়তা কর্মসূচি এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ পাওয়া গিয়েছে । বরাদ্দ অনুযায়ী অনলাইনের ডিসেম্বর-২০২৪ মাস হতে প্রতিটি ইউনিয়নে ০৯ টি করে আবেদন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান ।এছাড়া জীবিকায়নের জন্য ২০২৪-২৫ অর্থবছরের ২য় ব্যাচে ০৫ টি ট্রেডে ১০০ জন মহিলার প্রশিক্ষণ কার্যক্রম চলমান । | | |
| ২.১২ জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট সদর, সিলেট সভায় জানান, বন্যা পূর্ণবাসন প্রকল্পে আওতায় দুটি ইউনিয়নের তালিকা পাওয়া যায়নি । দ্রুত তালিকা প্রদানের প্রস্তাব করেন এবং বিনামূল্যে নলকূপ প্রদানের উপকারভোগীর নাম সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সামনের টানিয়ে রাখার প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১। দ্রুত তালিকা দাখিল করতে হবে এবং বন্যা পূর্ণবাসন প্রকল্পে আওতায় বিনামূল্যে নলকূপ প্রদানের উপকারভোগীর নাম সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের সামনের টানিয়ে রাখার সিদ্ধান্ত গৃহীত হয় । | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) সিলেট সদর, সিলেট । |
| ২.১৩ পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, সিলেট সদর উপজেলার সার্বিক সাংগঠনিক কার্যক্রম, ঋণ কার্যক্রম, উপকারভোগীর সঞ্চিত পুঁজির এফডিআর ও প্রশিক্ষণ প্রদান কার্যক্রম বিস্তারিত উপস্থাপন করেন। | ১.১ । ঋণ খেলাপী রোধ করতে ইউপি চেয়ারম্যান (সকল) সার্বিক সহযোগিতা করবেন এবং প্রয়োজনে ঋণ খেলাপীদের তালিকা প্রস্তুত করে সার্টিফিকেট মামলা করা যেতে পারে । | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২.১৪ খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট এর প্রতিনিধি জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, চলতি মাসে ধান সংগ্রহ কার্যক্রম শুরু হবে । | ১.১। ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৫ পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি | ১। সভায় নিয়মিত উপস্থিত থাকতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২.১৬ বন বিভাগ | ফরেস্ট রেঞ্জার, সিলেট রেঞ্জ, সিলেট জানান, মহামান্য আদালতে নির্দেশনা মোতাবেক মুরারিচাঁদ কলেজ হতে সিলেট তামাবিল রোডের সুরামাগেইট পর্যন্ত প্রস্তাবিত চার লেন রাস্তার দুই পার্শ্বের গাছ কাটা বন্ধ আছে । আলোচনাকালে মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, মাধ্যমিক শিক্ষা অফিসের পাশে একটি গাছের কারণে প্রায় সময় ট্রান্সফরমার নষ্ট হয়ে যায় । তিনি উক্ত গাছের ডালপালা ছাঁটাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন । | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদের অভ্যন্তরীন গাছের বড় বড় ডালপালা ছাঁটাই এর সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা নির্বাহী অফিসার, ফরেস্ট রেঞ্জার ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| ২.১৭ যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট যুব উন্নয়ন অফিসে পানির সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উপস্থাপন করেন । | ১.১) উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট |
| ২.১৮ সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি । | | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| ২.১৯ উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার,সিলেট সদর, সিলেট সভায় জানান, জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।তিনি জানান চলতি মাসে ৮২১ জন নাগরিকের ভোটার/এনআইডি নিবন্ধন করা হয়েছে, ৩৯ জন প্রবাসী ভোটারের তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে, ৭০৯ টি আবেদনের মধ্যে ৭০৩ টি এনআইডি সংশোধন আবেদন নিষ্পত্তি করা হয়েছে, ৩২ টি তদন্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে, ৪৫০ টি স্মার্ট কার্ড বিতরণ করা হয়েছে, ১৫৯ টি ভোট স্থানান্তরের আবেদন নিষ্পত্তি করা হয়েছে । তিনি জন্মনিবন্ধন প্রদানের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে আরোও সচেতন হওয়ার অনুরোধ জানান । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।জন্মনিবন্ধন প্রদানের সময় সতর্কতা অবলম্বন করতে হবে । | উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |



CS Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার প্রস্তাব উপস্থাপন করেন। | উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যান পদ অপসারণ হওয়ায় ১৭ টি কমিটির কার্যক্রম আপাতত পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট। |
| ৪। নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে না থাকায় এ বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সদর, সিলেট জানান, বিগত সভার সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি), সিলেট শাখাকে ০৫ টি অক্সিজেন সিলিন্ডার প্রদান করা হয়েছে। সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল ও সিলেট শহীদ শামছুদ্দীন হাসপাতাল থেকে কোন চাহিদা পাওয়া যায়নি।সিলেট পুলিশ লাইনস্ হাসপাতাল, ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, সম্মিলিত সামরিক হাসপাতাল, ন্যাশনাল কিডনী ফাউন্ডেশন এর কাছ থেকে চাহিদা সংগ্রহের প্রস্তাব করেন। | ১.১)উপযুক্ত চাহিদা প্রাপ্তি সাপেক্ষ উপজেলা পরিষদ সভার অনুমতিক্রমে অবশিষ্ট অক্সিজেন সিলিন্ডার বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ইউডিএফ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট। |
| ০৬। বিবিধ | বিবিধ-১:-আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার টিসিবি মালামাল বিক্রি কার্যক্রম তদারকির জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ট্যাগ অফিসারদের অনুরোধ জানান এছাড়া তিনি যথাসময়ে জন্ম-মৃত্যু নিবন্ধনের প্রতিবেদন সহ অন্যান্য প্রতিবেদন প্রদানের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের অনুরোধ জানান। | ০১)সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও ট্যাগ অফিসারগন টিসিবি মালামাল বিক্রি কার্যক্রম নিয়মিত তদারকি করবেন।<br>২)নিয়মিত যথাসময়ে জন্ম-মৃত্যু নিবন্ধনের প্রতিবেদন সহ অন্যান্য প্রতিবেদন প্রদান করবেন। | প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/২৪

খোশনুর রুবাইয়াৎ
সভাপতি
ও
প্রশাসক, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।
তারিখ: ২৮/১১/২০২৪ খ্রিঃ।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ৮৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৬। চেয়ারম্যান,-------------------- ------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৭। জনাব/বেগম,------------------------------সিলেট সদর, সিলেট।
০৮। অফিস নথি।

২৮/১১/২৪

উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।



CS Scanned with CamScanner

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মো: মানিক মিয়া | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব বদরুল ইসলাম আজাদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব আবুল কাশেম | প্রতিনিধি, চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| ০৯) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১০) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১১) | ডা: আহমদ সিরাজুম মুনীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১২) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। |
| ১৩) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৪) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | জনাব নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | জনাব পাবেল সরকার | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | জনাব মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২০) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২১) | জনাব সঞ্জয় মৈতৈ | প্রতিনিধি, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। |
| ২২) | জনাব মোহাম্মদ এমরান হোসেন | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৫) | জনাব শ্যামল চন্দ্র দাস | উপজেলা সহকারী প্রোগ্রামার, সিলেট সদর, সিলেট। |
| ২৬) | জনাব শংকর কুমার দাশ | উপজেলা পরিসংখ্যান অফিসার(চঃদাঃ), সিলেট সদর, সিলেট। |
| ২৭) | জনাব মো: শহিদুল্লাহ | ফরেস্ট রেঞ্জার, সিলেট বন বিভাগ |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | মিজ্ শারমিন আক্তার | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |

Scanned with CamScanner